



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

: নোটিশ :

স্মারক নং-রাশিবো/০১/কনি-৩য় খন্ড-৪র্থ/২১৬

তারিখ : ০৬ অক্টোবর ২০২৪খ্রি.

বিষয়: ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে দ্বাদশ শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের বিভাগ ও বিষয় পরিবর্তন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে শিক্ষার্থীদের (বর্তমানে দ্বাদশ শ্রেণিতে অধ্যয়নরত) বিভাগ ও বিষয় পরিবর্তন অনলাইনের মাধ্যমে আগামী ১৪/১০/২০২৪ খ্রি. তারিখ হতে ৩১/১০/২০২৪ খ্রি. তারিখের মধ্যে সংশ্লিষ্ট কলেজে অনুমোদিত বিভাগ ও বিষয়ে আসন সংখ্যা ফাঁকা থাকা সাপেক্ষে পরিবর্তন করা যাবে। বিভাগ পরিবর্তন ফি ৫০০/- এবং বিষয় পরিবর্তন ফি ২৫০/- টাকা। বিভাগ ও বিষয় পরিবর্তন কার্যক্রম সম্পন্ন করার জন্য www.rajshahieducationboard.gov.bd-এ "ছাড়পত্র/ভর্তি/ভর্তি বাতিল/বিভাগ পরিবর্তন/বিষয় পরিবর্তন" লিংকে প্রদত্ত নির্দেশিকা অনুসরণ পূর্বক অনলাইনে তথ্য প্রদান (Submit) ও সোনালী সেবার প্লিপ ডাউনলোড করে সোনালী ব্যাংকের যে কোন শাখায় ফিস জমা দিতে হবে। বিঃদ্র: অনলাইনের মাধ্যমে পরিবর্তন কপিসহ হার্ডকপি ও নম্বরপত্রের ফটোকপি সোনালী সেবার মাধ্যমে জমাদানকৃত ব্যাংকের টাকার রশিদ কলেজ নিবন্ধন শাখায় জমা দিতে হবে।

সংযুক্তি

১। বিভাগ ও বিষয় পরিবর্তনের নির্দেশিকা

চেয়ারম্যানের আদেশক্রমে

(মো: এনামুল হক)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

ফোন : ০২৫৮৮৮৫৫৯৬৩

প্রাপক

অধ্যক্ষ/প্রধান শিক্ষক

উচ্চ মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান

স্মারক নং-রাশিবো/০১/কনি-৩য় খন্ড-৪র্থ/(০২)/২১৬

তারিখ : ০৬ অক্টোবর ২০২৪খ্রি.

অনুলিপি অবগতির ও প্রয়োজনীয় কার্যার্থে জন্য প্রেরিত হ'ল :

১। সিনিয়র সিস্টেম এনালিস্ট (চ: দা:), রাজশাহী শিক্ষা বোর্ড (ওয়েবসাইট খুলে দেয়ার অনুরোধসহ)।

২। অফিস কপি।

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

রাজশাহী



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

স্মারক নম্বর-রাশিবো/কনি/৩য় খণ্ড/(৪র্থ)/২২১

তারিখ : ০৬ অক্টোবর ২০২৪

বিষয়: ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে উচ্চ মাধ্যমিক নিবন্ধন সংক্রান্ত জটিলতা নিরসন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে অনলাইনের মাধ্যমে ভর্তিকৃত শিক্ষার্থীদের একটি প্রবেশ লিস্ট এতদসহ প্রকাশ করা হলো। তালিকায় বর্ণিত যে সকল শিক্ষার্থীর প্রবেশ দেখা দিয়েছে তাদের তথ্যাদি নিম্নের ছক মোতাবেক পূরণ করে আগামি ০৭/১০/২০২৪ হতে ৩১/১০/২০২৪ইং তারিখের মধ্যে কলেজ নিবন্ধন শাখায় জমা দেয়ার জন্য আদেশ দেয়া হ'ল।

ক্রমিক	প্রবেশ লিস্ট	মন্তব্য
১.	২০২১-২০২২/২০২২-২০২৩ শিক্ষাবর্ষে শিক্ষার্থী পূর্বে কোন কলেজে রেজিস্ট্রেশনকৃত ছাত্র/ছাত্রীর জন্য তথ্য	১। শিক্ষার্থী পূর্ববর্তী কলেজের ভর্তি বাতিলের আদেশের কপি। ২। এসএসসি নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি। ৩। প্রবেশ তালিকা ডাউন লোড করে কলেজের ফরওয়ার্ডিংসহ জমা দিতে হবে।
২.	দুই কলেজে ভর্তি থাকলে	১। এসএসসি মূল নম্বরপত্র মূল কপি জমা দিতে হবে ২। প্রবেশ তালিকা ডাইনলোড করে কলেজের ফরওয়ার্ডিংসহ জমা দিতে হবে।
৩.	এসএসসি তথ্য ভুল থাকলে	১। এসএসসি নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি ২। প্রবেশ তালিকা ডাউন লোড করে কলেজের ফরওয়ার্ডিং সহ জমা দিতে হবে।

চেয়ারম্যানের আদেশক্রমে

মো. এনামুল হক ০১৫২৫৮

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

ফোন : ০২৫৮৮৮৫৫৯৬৩

অধ্যক্ষ/প্রধান শিক্ষক

উচ্চমাধ্যমিক পর্যায়ের সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান।